

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৩৭.২০২১.১৬

তারিখ:

৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: মনিরুজ্জামান (১০৭৪৯), সহযোগী অধ্যাপক (প্রফেশনাল ইথিক্স), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর গত ০৪/০১/২০২১ খ্রিস্টাব্দ হতে ১৫/০৩/২০২১ খ্রিস্টাব্দ পর্যন্ত ৭১ (একাত্তর) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ০১/০৯/২০২২ খ্রিস্টাব্দে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, শুনানিনান্তে অভিযুক্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধির বক্তব্য ও নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা সন্তানের চিকিৎসার জন্য ভারতে বিনা অনুমতিতে ৭১ (একাত্তর) দিন অনুমোদিত ছুটির ধারাবাহিকতায় কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং পরবর্তীতে দেশে এসে যথাসময়ে তিনি ছুটির আবেদন করায় মানবিক বিবেচনায় তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মো: মনিরুজ্জামান (১০৭৪৯), সহযোগী অধ্যাপক (প্রফেশনাল ইথিক্স), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ: ১২/০৯/২০২২

(মোঃ আবু বকর ছিদ্দীক)

সচিব

৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

নম্বর- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৩৭.২০২১.১৬/১৬

তারিখ:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: মনিরুজ্জামান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, যশোর।
- ৬। জনাব মো: মনিরুজ্জামান (১০৭৪৯), সহযোগী অধ্যাপক (প্রফেশনাল ইথিক্স), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর।

(মোহাম্মদ আবু নাসের বেগ)
উপসচিব

ফোন: ২২২৩৩৫৪২৬৫